গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

"দূর্নীতি, মাদক ও সন্ত্রাসমুক্ত উন্নত দুমকী উপজেলা গঠন আমাদের অঙ্গীকার"

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**উপজেলা পরিষদ এর ০৫/০৩/১৭০/৪৭ তম সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ **জনাব হারুন-অর-রশীদ হাওলাদার**
চেয়ারম্যান, দুমকী উপজেলা পরিষদ।
তারিখ ঃ ১৪-১২-২০২২ খ্রিঃ।
সময় ঃ বুধবার, সকাল- ১০.০০ ঘঃ।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, দুমকী, পটুয়াখালী।
উপস্থিতি ঃ উপস্থিতি/অনুপস্থিতি পরিশিষ্ট 'ক' এবং পরিশিষ্ট 'খ'তে দেখানো হলো।

সভাপতি উপজেলা পরিষদের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয় উপজেলা নির্বাহী অফিসারকে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য বিষয়সহ নিম্নরূপ আলোচনা করেন ও নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বে |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী ১৬৯ (৪৬) তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকলে উহা দৃঢ়করণের প্রস্তাব করেন।<br>উপস্থিত উপজেলা পরিষদের সকল সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে বিগত সভার সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য সকলে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ, দুমকী ১৬৯ (৪৬) তম সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত সমূহ কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার সিদ্ধান্ত সমূহ অনুমোদন দেওয়া হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, দুমকী। |
| ০২ | উপজেলা পরিষদ সংলগ্ন নিচু জায়গার অংশ ভরাট ও নিরাপত্তার জন্য ফেন্সিবেড়া নির্মাণ। | **১। উপজেলা প্রকৌশল বিভাগঃ**<br>(ক) উপজেলা প্রকৌশলী/প্রতিনিধি জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জলাবদ্ধতা নিরসন, ডেঙ্গু মশার প্রাদুর্ভাবরোধ, সীমানা ফেন্সিং প্রাচীর নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে নিজস্ব জায়গায় বিদ্যমান নিচু জায়গা মাটি ভরাটের জন্য স্থানীয় সরকার বিভাগের ২৯/১১/২০২২ খ্রি. তারিখের স্মারক নং- ৭৫৪ এর আলোকে ৯,৯৯,৭৫০/- টাকা এবং স্থানীয় সরকার বিভাগের ২৬/০৯/২০২২ খ্রি. তারিখের ৫৬৮নং স্মারকের আলোকে উপজেলা পরিষদের সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিতে রাজস্ব অর্থায়নে জি.আই তারের ফেন্সিং বেড়া নির্মাণের লক্ষ্যে ৩,২৮,৫১১/- টাকার প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। তিনি কাজ দুটি সম্ভাব্য স্বল্প সময়ে বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী/প্রতিনিধি আরও বলেন, পণ্য ও সেবামূল্য দৈনন্দিন পরিবর্তনশীল। প্রকল্প দু'টির ধরণ ছোট বিবেচনায় এ কাজে স্থানীয় অভিজ্ঞতা সম্পন্ন লোক প্রয়োজন। পিপিআর-৮ এর ৬৩ ধারা উপধারাসমূহ, একই আইনের ২৯ ধারা এবং ৬৯ বিধি বিবেচনা করে নিরাপত্তা বেষ্টনী ও বালুভরাটের জন্য পৃথক দু'টি RFQ (কোটেশন) পদ্ধতির মাধ্যমে দ্রুত বাস্তবায়নের করার প্রস্তাব করেন।<br>উক্ত প্রস্তাবের সাথে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।<br><br>লেবুখালী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বলেন, উপজেলা পরিষদ মডেল মসজিদ, ড্রেন নির্মাণ কাজ ঠিকাদার যেভাবে | (ক) প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে আলোচনায় বর্ণিত প্রকল্প সমূহ স্থানীয় অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে RFQ (কোটেশন) পদ্ধতিতে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, দুমকী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ফেলে রেখে গেছেন একই পরিস্থিতি যেন না হয়, প্রতিদিনই দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে বিবেচনা করে প্রকল্প বাস্তবায়নে কার্য দ্রুত সম্পন্ন ও পদ্ধতি অনুসরণ করুন। উপস্থিত সদস্যবৃন্দ এ ধারণার সাথেও একমত পোষণ করেন। | | |
| | | (খ) উপজেলা প্রকৌশলী/প্রতিনিধি জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের একান্ত প্রচেষ্টা ও তাঁর ডিও এর আলোকে স্থানীয় সরকার বিভাগের ১৩/১২/২২ খ্রি. তারিখের ৮২৯নং স্মারকের আলোকে উপজেলা পরিষদের অভ্যন্তরীণ ড্রেন মেরামত, পরিষদের ২টি টিনসেড গ্যারেজের পোর্চ মেরামত, উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা মেরামত, পরিষদের দূর্যোগ ও কৃষি গুদাম এবং বৈশাখী ঘর মেরামতের লক্ষ্যে ২১ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি কাজটি সম্ভাব্য স্বল্প সময়ে বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী/প্রতিনিধি বলেন, উল্লেখিত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য ৩৫,০৩,৩৯৯/- টাকার প্রাক্কলন প্রেরণ করা হয়। কিন্তু মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনী ফলক সংরক্ষণ, পুরাতন শহীদ মিনার অপসারণ, ২য় গেট সংস্কারে বরাদ্দ পাওয়া যায়নি তবে কাজে এটির গুরুত্ব রয়েছে। সামগ্রিকভাবে প্রাপ্ত অর্থ বরাদ্দ বিবেচনায় নিয়ে সমন্বয় পুর্বক কাজ সমূহ বাস্তবায়ন করার প্রস্তাব করেন।<br><br>তিনি আরও বলেন, বর্ণিত ২১ লক্ষ টাকার প্রকল্প দ্রুত বাস্তবায়নের স্বার্থে নিম্নবর্ণিতভাবে ৩টি প্যাকেজ করে RFQ (কোটেশন) পদ্ধতিতে বাস্তবায়ন করা যায়।<br><br>(১) মেইন গেট থেকে উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা মেরামত- ৮০০,০০০/-<br><br>(২) পরিষদের ২টি টিনসেড গ্যারেজের পোর্চ মেরামত, পরিষদের দূর্যোগ ও কৃষি গুদাম এবং বৈশাখী ঘর মেরামত, পরিষদের পশ্চিম গেট সংস্কার, পুরাতন শহীদ মিনার অপসারণ, মাননীয় প্রধানমন্ত্রীর ফলক-স্থান-বেস্টনী সংস্কার- ৭০০,০০০/-<br><br>(৩) উপজেলা পরিষদের অভ্যন্তরীণ ড্রেন মেরামত- ৬০০,০০০/-<br><br>উপস্থিত সকল সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করে বলেন, প্রাপ্ত বরাদ্দ দিয়ে প্রাক্কলন সমন্বয় করে দ্রুত কাজ সম্পন্ন করা হোক।<br><br>এ পর্যায়ে পাংগাশিয়া ইউপি চেয়ারম্যান এড. গাজী নজরুল ইসলাম বলেন, পিপিআর-২০০৮ এর ২৯, ৬৯ বিবেচনা করে জনস্বার্থে এবং বিরাজমান দ্রব্যমূল্য পরিস্থিতিতে বর্ণিত ৩টি প্রকল্প RFQ (কোটেশন) পদ্ধতিতে দ্রুত বাস্তবায়নের প্রস্তাব করলে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | (খ) অভ্যন্তরীন মেরামত খাতে প্রাপ্ত ২১ লক্ষ টাকার প্রকল্প অনুমোদিত হয় এবং ৩টি RFQ (কোটেশন) পদ্ধতিতে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (গ) উপজেলা প্রকৌশলী/প্রতিনিধি জানান যে, উপজেলা পরিষদের ৪৪তম সভার সিদ্ধান্তের আলোকে ২০২২-২০২৩ অর্থ বছরের ১-৪ কিস্তি এডিপি বরাদ্দের আলোকে অবশিষ্ট | (গ) আলোচনায় বর্ণিত ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী | |

অর্থে গত ৭/৯/২০২২ খ্রি. তারিখের প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পসমূহ বাছাইক্রমে ১ম কিস্তি বরাদ্দ ১৩,২২,০০০/- ও ২য় কিস্তি বরাদ্দ ১৩,২২,০০০/- টাকা ও নিজস্ব উন্নয়ন তহবিল থেকে ১১,৪৯,৫৩৬/- টাকাসহ সর্বমোট= ৩৭,৯৩,৫৩৬/- টাকার ২২টি প্রকল্প উপজেলা পরিষদের ৪৫তম সভায় অনুমোদিত হয়।

উপজেলা প্রকৌশল বিভাগের সফটওয়্যারে চলমান অর্থ বছরে রেট সিডিউল পরিবর্তন হওয়ায় ও বর্তমান বাজার দর যাচাইক্রমে ৩টি পাওয়ার ট্রিলার এর সংশোধিত মূল্য ৬,৮৯,৮৮০/- টাকা ও ৩টি ঘাস কাটা মেশিনের সংশোধিত মূল্য ১২৪,৫০০/- টাকা নির্ধারন করা হয়। যা উপজেলা পরিষদের ৪৬তম সভায় প্রকল্প সংখ্যা ঠিক রেখে ৩৭,৯৩,৫৩৬/- টাকা সংশোধিত হয়ে ৩৮,৯৪,৩৮০/- টাকা পুন:অনুমোদিত হয়।

অর্থ বছরের বাকী অর্থের (৬৪৩৭৫৩৬-৩৮৯৪৩৮০)= ২৫,৪৩,১৫৬/- টাকা ও উপজেলা পরিষদের নিজস্ব উন্নয়ন তহবিল থেকে ৫৮০,০০০/- টাকাসহ মোট ৩১২৩১৫৬/- টাকার ৪০টি প্রকল্প ০৫/১২/২০২২ খ্রি. তারিখের প্রকল্প বাছাই কমিটির সভায় যাচাই-বাছাই করা হয় এবং অত্র সভায় অনুমোদনের জন্য নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন।

| প্রকল্পের নাম | সম্ভাব্য বরাদ্দ | বাস্তবায়ন প্রক্রিয়া |
|---|---|---|
| পাংগাশিয়া ১নং ওয়ার্ডের সোহরাব তাং বাড়ীর রাস্তা সিসিকরণ | ৫০০০০ | দরপত্র |
| পাংগাশিয়া নুরু মোল্লার বাড়ী হইতে পাকা রাস্তা পর্যন্ত সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| দক্ষিন পাংগাশিয়া আফাজ উদ্দিন মোল্লার বাড়ী থেকে পাকা রাস্তা পর্যন্ত সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| পাংগাশিয়া নলদোয়ানী মাধ্যমিক বিদ্যালয় সংস্কার ও আসবাবপত্র সরবরাহ | ১২৩১৫৬ | পিআইসি |
| পাংগাশিয়া ৮নং ওয়ার্ডের মনোয়ারা বেগমনের বাড়ীর সামনে গভীর নলকুপ স্থাপন | ১০০০০০ | পিআইসি |
| উ: পাংগাশিয়া ৪নং ওয়ার্ডের নাইম ফরাজীর বাড়ীর সামনে গভীর নলকুপ স্থাপন | ১০০০০০ | পিআইসি |
| পাংগাশিয়া ৫নং ওয়ার্ডের সেকান্দার মল্লিকের বাড়ীর মসজিদ সংযোগ সড়ক সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| লেবুখালী ৮নং ওয়ার্ডের ইউনিয়নের মাধব শীলের বাড়ীর মন্দির সংযোগ সড়ক সলিংকরণ | ১০০০০০ | দরপত্র |
| লেবুখালী ৯নং ওয়ার্ডের মুন্সীর হাট মসজিদ হতে মুন্সীবাড়ী সড়ক সলিংকরণ | ১০০০০০ | দরপত্র |
| লেবুখালী ৩নং ওয়ার্ডের ইউনুচ হাং বাড়ী হইতে শহীদ মেম্বরের বাড়ী পর্যন্ত সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| লেবুখালী ২নং ওয়ার্ডের সহিদুল আকনের বাড়ী থেকে সত্তার হাওলাদারের বাড়ী পর্যন্ত সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| মুরাদিয়া ও তালুকদারহাট ব্রীজের উভয় দিকের এপ্রোচ নির্মাণ ও ব্রিজ সংলগ্ন পাবলিক টয়লেট সংস্কার | ২০০০০০ | দরপত্র |
| মুরাদিয়া ৮নং ওয়ার্ডের মীর মোশারেফ হোসেনর বাড়ীর সংযোগ সড়ক সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| মুরাদিয়া ১নং ওয়ার্ডের জাফর হাং বাড়ীর সংযোগ সড়ক সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| মুরাদিয়া ৭নং ওয়ার্ডের কাশেম হাওলাদারের দোকান হইতে আর্শ্বের মৃধার বাড়ী পর্যন্ত ইটের সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| মুরাদিয়া ৮নং ওয়ার্ডের ওয়াপদা ভেরীবাধ এর পাকা রাস্তা হইতে খোকন মেম্বরের বাড়ী পর্যন্ত সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |

(এডিপি) প্রকল্প ও প্রকল্প কমিটি সমূহ অনুমোদিত হয় এবং দ্রুত সময়ের মধ্যে পিআইসি ও উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| মুরাদিয়া ৪নং ওয়ার্ডের মফিজ প্যাদার বাড়ীর সামনে আয়রণ ব্রীজের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ | ৫০০০০ | দরপত্র |
| মুরাদিয়া ৭নং ওয়ার্ডের পাকা রাস্তা হইতে সত্তার হাওলাদারের বাড়ী পর্যন্ত সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| মুরাদিয়া ৮নং ওয়ার্ডের ওয়াপদা ভেরীবাধের পাকা রাস্তা হইতে রব মৃধার বাড়ী পর্যন্ত সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| আংগারিয়া ৮নং ওয়ার্ডের মালেক হাওলাদারের ঘরের দক্ষিন পার্শ্ব থেকে চৌকিদার বাড়ী পর্যন্ত সিসিকরণ | ১০০০০০ | দরপত্র |
| আংগারিয়া ৮নং ওয়ার্ডের জীবন পাইকের ঘরের পিছনে কালভার্ট নির্মাণ (কৃষি সেচ ও অবকাঠামো) | ১০০০০০ | দরপত্র |
| আংগারিয়া ৯নং ওয়ার্ডের মুন্সি বাড়ির জামে মসজিদ থেকে রফিক মাষ্টারের বাড়ি পর্যন্ত সিসিকরণ | ১০০০০০ | দরপত্র |
| আংগারিয়া ৪নং ওয়ার্ডের মরহুম সালাম হাওলাদারের বাড়ীর সংযোগ সড়ক সিসিকরণ | ১০০০০০ | দরপত্র |
| আংগারিয়া জলিশা বোর্ডস্কুল থেকে বটতলা পর্যন্ত সলিং রাস্তা মেরামত | ১০০০০০ | পিআইসি |
| আংগারিয়া ৩নং ওয়ার্ডের ইউসুফ সিকদার বাড়ীর সংযোগ সড়ক সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| পূর্ব ঝাটরা কুদ্দুস হাওলাদার বাড়ীর সংযোগ সড়কের অসমাপ্ত অংশ সমাপ্তকরণ | ৫০০০০ | দরপত্র |
| আংগারিয়া ৭নং ওয়ার্ডের মুন্সী বাড়ী থেকে আমিন ঘাটা পর্যন্ত রাস্তা সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| বাহেরচর শহীদ গাজীর বাড়ীর সংযোগ সড়কের অসমাপ্ত অংশ সিসিকরণ | ১০০০০০ | দরপত্র |
| আহম্মদ হারুন কারিগরি ও বিএম ইনস্টিটিউটের মাঠের তিন দিকে নিরাপত্তা ফেন্সিং বেড়া নির্মাণ | ২০০০০০ | পিআইসি |
| শ্রীরামপুর ৭নং ওয়ার্ডের মধুসুধন হাং বাড়ী শ্রী শ্রী হরি মন্দির সংযোগ সড়ক সিসিকরণ | ১০০০০০ | দরপত্র |
| শ্রীরামপুর ৮নং ওয়ার্ডের মরহুম আনোয়ার হোসেন হাং বাড়ী সংযোগ সড়ক সলিংকরণ | ১০০০০০ | দরপত্র |
| শ্রীরামপুর ৮নং ওয়ার্ডের জাহাঙ্গীর মোল্লা বাড়ীর সংযোগ সড়কের অসমাপ্ত অংশ সমাপ্তকরণ | ৫০০০০ | দরপত্র |
| শ্রীরামপুর ৯নং ওয়ার্ডের তালতলী রাস্তা হইতে আলমগীর খানের বাড়ী পর্যন্ত সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| শ্রীরামুর ৯নং ওয়ার্ডের মাওলানা গোলাম রহমানের বাড়ীর সংযোগ সড়ক সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| দুমকী উপজেলার বিভিন্ন স্থানে কৃষি জলাবদ্ধতা নিরসনে নির্মিত ব্যবহার উপযোগী ১৯টি কালভার্ট সংস্কার | ২০০০০০ | পিআইসি |
| শ্রীরামপুর ২নং ওয়ার্ডের নুরমোহাম্মাদ প্যাদার বাড়ীর সংযোগ সড়ক সিসিকরণ | ৫০০০০ | দরপত্র |
| শ্রীরামপুর ১নং ওয়ার্ডের জাহাঙ্গীরের বাড়ীর সংযোগ সড়ক সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| শ্রীরামপুর ২নং ওয়ার্ডের মাওঃ ইব্রাহীম তালুকদার বাড়ী ও কবরস্থানের সংযোগ সড়ক সলিংকরণ | ১০০০০০ | দরপত্র |
| শ্রীরামপুর ৬নং ওয়ার্ডের গাবতলী স:প্রা:বি: সংযোগ সড়ক সলিংকরণ | ৫০০০০ | দরপত্র |
| মোট= | ৩১২৩১৫৬ | |

(ঘ) উপজেলা প্রকৌশল বিভাগের প্রতিনিধি জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প কার্যালয়ের ১৩/১০/২০২২ খ্রি. তারিখের ১৬০১নং স্মারকের আলোকে দুমকী উপজেলায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্তে স্কীমের প্রাক্কলন

(ঘ) ননমিউনিসিপ্যাল প্রকল্পের প্রাপ্ত বরাদ্দের মাধ্যমে উপজেলার বিভিন্ন স্থানে নতুন কালভার্ট, পাবলিক টয়লেট, কসাইখানা ও কাঁচা বাজার নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রেরনের জন্য বরাদ্দপত্র পাওয়া গেছে। তিনি সভায় উপস্থাপন করেন।<br><br>(ক) কালভার্ট ২০ মিটার<br>(খ) পাবলিক টয়লেট ৩টি<br>(গ) কসাইখানা ১টি<br>(ঘ) কাঁচা বাজার ১টি<br><br>উল্লেখিত প্রকল্প সমূহের স্থান নির্ধারণ পূর্বক প্রাক্কলনসহ জরুরী ভিত্তিতে প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণের নিমিত্তে সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br><br>এ পর্যায়ে মুরাদিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান সিকদার বলেন, পাবলিক টয়লেট বরাদ্দ রয়েছে ৩টি। কিন্তু চাহিদা রয়েছে ৪টির। তাই জনস্বার্থ বিবেচনা করে ৪টি পাবলিক টয়লেট নির্মাণের প্রস্তাব করেন।<br><br>উপস্থিত সদস্যবৃন্দ এ বিষয় একমত পোষন করেন এবং নিম্নবর্ণিতভাবে স্থান নির্ধারণ করেন।<br>(ক) কালভার্ট নির্মাণ (২০ মিঃ সমপরিমাণ) :<br>(১) আংগারিয়া ৫নং ওয়ার্ডের হাফেজ মোহাম্মদ আলীর বাড়ির সামনে ছোট খালের উপর কালভার্ট নির্মাণ।<br><br>(২) পাংগাশিয়া বীর মুক্তিযোদ্ধা আঃ রহমান এর বাড়ি সংলগ্ন খালের উপর কালভার্ট নির্মাণ।<br><br>(৩) শ্রীরামপুর ৪নং ওয়ার্ডের মুসা হাং বাড়ীর সামনে আগুরিয়া খালের উপর কালভার্ট নির্মাণ।<br><br>(৪) শ্রীরামপুর ৪নং ওয়ার্ডের নজরুল দেওয়ানের বাড়ীর পাশে পিছাখালী খালের উপর কালভার্ট নির্মাণ।<br><br>পাবলিক টয়লেট নির্মাণঃ<br>(১) দুমকী সাতানী কালভার্ট বাজার ও মসজিদ সংলগ্ন পাবলিক টয়লেট নির্মাণ।<br><br>(২) মুরাদিয়া বোর্ড বাজার মসজিদ সংলগ্ন পাবলিক টয়লেট নির্মাণ।<br><br>(৩) মুরাদিয়া চরগরবদী লঞ্চঘাট সংলগ্ন পাবলিক টয়লেট নির্মাণ।<br><br>(৪) মুরাদিয়া বোর্ড অফিস বাজারের স্বমিল সংলগ্ন পাবলিক টয়লেট নির্মাণ।<br><br>কসাইখানা নির্মাণঃ<br>(১) পিরতলা বাজারের উত্তর মাথায় বাদল মেম্বরের দোকান সংলগ্ন কসাই খানা নির্মাণ।<br><br>কাঁচা বাজারঃ<br>(১) লেবুখালী নতুন বাজার সংলগ্ন কাঁচার বাজার নির্মাণ। | | |
| ০৩ | বিবিধ-০১ | উপজেলা পরিষদের গোপনীয় সহকারী জানান যে, নভেম্বর ২০২২ মাসে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ভাউচারের | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৩০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ও স্থায়ী কমিটির সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৮,০০০/- টাকা, আনুষঙ্গিক মালামাল ক্রয় বাবদ প্রতিমাসে ৫,০০০/- টাকা, ইন্টারনেট ব্যয় বাবদ প্রতিমাসে ১,০০০/- টাকার ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>উপজেলা পরিষদ অভ্যন্তরে ইলেকট্রিক লাইন মেরামত বাবদ ১২৩৫০/- টাকা এবং উপজেলা পরিষদ অভ্যন্তরে শীতকালীন ফুলের বাগান তৈরীর নিমিত্তে ফুলের চারা ক্রয় বাবদ ২০,০০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের ইলেকট্রিক লাইন মেরামত বাবদ ৩৫৭০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>বর্ণিত বিল ভাউচার সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | ব্যয় সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং আলোচনায় বর্ণিত সকল ভাউচারের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে খাতওয়ারী পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(হারুন-অর-রশীদ হাওলাদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

স্মারক নং- ৪৬.০৪৬.৭৮৫৫.০০০.১৩.০৫৬.২১-৫০৯

তারিখ- ১৪/১২/২০২২ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১১১, পটুয়াখালী-১
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
০৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৪। উপজেলা .......................................... অফিসার, দুমকী।
০৫। জনাব ..................................................................... দুমকী।
০৬। অফিস নথি।

১৪/১২/২২
(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
দুমকী, পটুয়াখালী।